# ভূঞাপুর উপজেলা পরিষদের মে/ ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোছাঃ নার্গিস বেগম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভূঞাপুর, টাঙ্গাইল।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

তারিখ ঃ ২৪-০৫-২০২২ খ্রি.

সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা ঃ পরিশিষ্ট " ক "।

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুরকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর সকল বিভাগীয় কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করে আইন-কানুন/ দিকনির্দেশনা বিবেচনা করে সভায় বক্তব্য রাখার অনুরোধ জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করেন। সভা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | সভার শুরুতে বিগত ২৭-০৪-২০২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন প্রকার সংশোধনী থাকলে তা সভায় পেশ করার জন্য অনুরোধ করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও দৃঢ়ীকরণ করা হয়। | অনুমোদিত | সংশ্লিষ্ট সকল |
| ০২। | ০২নং আলোচ্যসূচি ঃ উপজেলা পরিষদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রগতি সম্পর্কে আলোচনা- | | |
| ২(ক) | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ভূঞাপুর জানান, ২০২১-২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম চলমান রয়েছে। তিনি সভায় জনপ্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ বাস্তবায়ন করার অনুরোধ জানান। তিনি সভায় অত্র উপজেলার দরিদ্র মানুষের মাঝে বিনামূল্যে নলকূপ সরবরাহ প্রকল্পটি জরুরীভিত্তিতে বাস্তবায়নের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করে অনুমোদনের জন্য উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে অত্র উপজেলার দরিদ্র মানুষের মাঝে বিনামূল্যে নলকূপ সরবরাহ প্রকল্পটি জরুরীভিত্তিতে বাস্তবায়নের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন দেয়া হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, ভূঞাপুর |
| ০৩। | ০৩ নং আলোচ্যসূচি ঃ বিভাগীয় কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা। | | |
| ৩(ক) | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ভূঞাপুর সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(খ) | উপজেলা কৃষি অফিসার, ভূঞাপুর সভায় জানান, সারের পর্যাপ্ত মজুদ রয়েছে। মাঠের সার্বিক কার্যক্রম স্বাভাবিক আছে। বোরো ধান কর্তন শেষ হয়েছে এবং লক্ষ্যমাত্রার চেয়েও ফলন বেশি হয়েছে। বর্ষা মৌসুম চলছে। এখন বৃক্ষরোপণ করার উপযুক্ত সময়। পুষ্টির চাহিদা পূরণের লক্ষ্যে চাষীদের মাঝে বিভিন্ন প্রকার ফলদ ও ওষুধি চারা বিতরণ করার লক্ষ্যে উপজেলা পরিষদ তহবিল হতে ২.০০ (দুই লক্ষ) টাকার একটি প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন। তিনি জানান ব্লক পর্যায়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদের অন্যান্য কার্যক্রমের পাশাপাশি পাট, আউশ ও অন্যান্য বিষয়ে অবিরত মাঠে পরামর্শ দিয়ে চলছেন। এছাড়া তিনি সভায় অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের কৃষকদের মাঝে বিনামূল্যে সবজির বীজ সরবরাহের জন্য উপজেলা পরিষদ থেকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে সর্বসম্মতিক্রমে অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের কৃষকদের মাঝে বিনামূল্যে সবজির বীজ সরবরাহ প্রকল্পটি জরুরীভিত্তিতে বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল থেকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, ভূঞাপুর |

চলমান পাতা-২

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩(গ) | উপজেলা মৎস্য কর্মকর্তা (চঃ দাঃ), ভূঞাপুর সভায় জানান, তার দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ইউনিয়ন পর্যায়ে ৬টি প্রদর্শনী বাস্তবায়ন করা হয়েছে। নতুন ৩টি প্রদর্শনী বাস্তবায়নের জন্য চাষীদের নিকট থেকে আবেদন চাওয়া হয়েছে। আগামী ৩১-০৫-২০২২ তারিখের মধ্যে আবেদন জমা দিতে হবে। প্রদর্শনী উপকরণ আগামী ০৮-০৬-২০২২ ও ০৯-০৬-২০২২ তারিখের মধ্যে বিতরণ সম্পন্ন হবে। এছাড়া জাটকা অভিযান ও চায়না দুয়ারী জাল উচ্ছেদ অভিযান অব্যাহত আছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(ঘ) | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, তার দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। কুরবানি ঈদকে সামনে রেখে ভূঞাপুর উপজেলার প্রচুর খামারী গরু হৃষ্টপুষ্টকরণ প্রযুক্তির মাধ্যমে গরু লালন পালন করছেন। যার ফলে ভূঞাপুর উপজেলায় কুরবানির চাহিদা পূরণ করেও দেশের বিভিন্ন জেলায় গরু রপ্তানি করা সম্ভব হবে। তিনি আরও জানান, উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে প্রতিদিন ১৫০-২০০ জন লোক সেবা নিতে আসেন। কিন্তু উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের পাশেই পৌরসভা কর্তৃক ময়লা আবর্জনা ফেলার কারণে অফিসের চারিদিকের পরিবেশ ব্যাপকভাবে দূষিত হচ্ছে এবং দুর্গন্ধের কারণে অফিস করা খুবই কষ্টকর হয়ে পড়েছে। পাশাপাশি এ দুর্গন্ধের কারণে অফিসে আগত লোকজন বিরক্ত হচ্ছে। তাই তিনি সভায় মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে পৌরসভার বর্জ্য অন্যত্র ফেলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(ঙ) | উপজেলা শিক্ষা অফিসার, ভূঞাপুর সভায় জানান, বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে ভূঞাপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার সুন্দর পরিবেশ সৃষ্টির লক্ষ্যে দ্রুত ভবন নির্মাণ কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানান। এছাড়া তিনি জানান, তার দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, ভূঞাপুর |
| ৩(চ) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূঞাপুর সভায় জানান, (১) জাতীয় শিক্ষা সপ্তাহ/২০২২ উপলক্ষ্যে উপজেলা পর্যায়ে ১৮-০৫-২০২২ তারিখে প্রতিযোগিতা সম্পন্ন করে ১৬টি ইভেন্টে প্রতি গ্রুপে ০১ জন করে শ্রেষ্ঠ প্রতিযোগীদের তালিকা গ্রুপ-১, ২, ৩, ৪ (ক, খ, গ, ঘ), ক্বেরাত, হামত/নাত, বাংলা রচনা প্রতিযোগিতা, বাংলা কবিতা আবৃত্তি ও বিতর্ক প্রতিযোগিতা (একক), দেশাত্মবোধন গান, রবীন্দ্র সঙ্গীত, নজরুল সঙ্গীত, উচ্চাঙ্গ সঙ্গীত, লোক সঙ্গীত, জারী গান (দলভিত্তিক), তাৎক্ষণিক অভিনয়, নৃত্য (উচ্চাঙ্গ) ও লোক নৃত্য এবং প্রতিটি প্রতিষ্ঠান থেকে ০১ জন শ্রেষ্ঠ শিক্ষার্থী, ০১ জন শ্রেষ্ঠ শিক্ষক, ০১ জন শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান, শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ স্কাউট, শ্রেষ্ঠ গার্ল গাইড, শ্রেষ্ঠ রোভার, শ্রেষ্ঠ রেঞ্জার, শ্রেষ্ঠ বিএনসিসি, শ্রেষ্ঠ স্কাউট গ্রুপ, শ্রেষ্ঠ গার্ল গাইড গ্রুপ, শ্রেষ্ঠ রোভার গ্রুপ, শ্রেষ্ঠ রেঞ্জার গ্রুপ, শ্রেষ্ঠ বিএনসিসি গ্রুপ, শ্রেষ্ঠ স্কাউট শিক্ষক, শ্রেষ্ঠ গার্ল গাইড শিক্ষক, শ্রেষ্ঠ রোভার শিক্ষক, শ্রেষ্ঠ রেঞ্জার শিক্ষক, শ্রেষ্ঠ বিএনসিসি শিক্ষক নির্বাচিত করে জেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বিজয়ী প্রতিযোগীদের নামের তালিকা জেলা শিক্ষা অফিস, টাঙ্গাইলে পাঠানো হয়েছে। (২) আইজিপি মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত জুম মিটিংয়ের সিদ্ধান্তের আলোকে প্রতিটি বিদ্যালয়ে ০৬ সদস্য বিশিষ্ট দাবা টিম গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত মোতাবেক উপজেলার প্রতিটি বিদ্যালয়ে দাবা টিম গঠন করা হয়েছে। (৩) মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের ০৬ দিনব্যাপী ধারাবাহিক মূল্যায়ন ইংরেজি ও বিজ্ঞান বিষয়ক প্রশিক্ষণ টাঙ্গাইলে অনুষ্ঠিত হয়। এতে অত্র উপজেলা হতে ৩০ জন শিক্ষক নির্বাচিত করে উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। (৪) মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের ০৬ দিনব্যাপী ধারাবাহিক সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ আগামী ২৬-০৫-২০২২ তারিখ হতে টাঙ্গাইলে অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অত্র উপজেলা হতে ১৫ জন সহকারী শিক্ষক নির্বাচন করে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া তিনি জানান তার দপ্তরের অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূঞাপুর |

চলমান পাতা-৩

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩(ছ) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূঞাপুর সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(জ) | উপজেলা সমাজসেবা অফিসার, ভূঞাপুর সভায় জানান, (১) সমাজসেবা অধিদপ্তর সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়ষ্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা প্রদান করে আসছে। এছাড়াও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি ও বয়ষ্ক ভাতা পাচ্ছে। মোবাইল ব্যাংকিং নগদের মাধ্যমে উপকারভোগীগণ ভাতার টাকা পাচ্ছেন। প্রতারক চক্র মোবাইলে ফোন করে ওটিপি নম্বর জেনে নিয়ে টাকা উত্তোলন করে নিচ্ছে। আত্মীয় স্বজনরাই এ কাজ করছে। এ বিষয়ে সাধারণ মানুষকে অবগত করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। (২) দগ্ধজনিত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কর্মসূচিতে ক্ষুদ্রঋণ সহায়তায় ১৬,৬২,৫৩৭/- টাকা ঋণ বিতরণ করা আছে। আদায় হলে পুনরায় ঋণ বিতরণ করা হয়। (৩) চরাঞ্চলের দুঃস্থ গরীব রোগী হাসপাতালে ভর্তি করলে রোগীকল্যাণ সমিতির মাধ্যমে চিকিৎসা সেবা পেতে পারে। এ কর্মসূচির আওতায় রোগীকল্যাণ সমিতিতে দাতা ও আজীবন সদস্য হওয়ার জন্য সকলকে অনুরোধ জানান। রোগী কল্যাণ সমিতির মাধ্যমে দুঃস্থ ও অসহায় রোগীদের ঔষধ প্রদান করা হয়। (৪) অনেক প্রতিবন্ধী জরিপের আওতার বাইরে আছে। প্রতি রবিবার ও সোমবার প্রতিবন্ধীদের জরিপ করা হয়। কোন ইউনিয়নে প্রতিবন্ধী ব্যক্তি থাকলে দ্রুত জরিপের আওতায় আনার জন্য তিনি সভায় ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। (৫) পল্লী সমাজসেবা কার্যক্রমের আওতায় সুদমুক্ত ক্ষুদ্র ঋণ আদায় ও ঋণ প্রদান কার্যক্রম অব্যাহত আছে। ঋণ আদায়ের হার মূল বিতরণের ৯৮% ও পুনঃ ঋণ বিতরণের ক্ষেত্রে ৯৬%। এছাড়া বিভাগের অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, ভূঞাপুর |
| ৩(ঝ) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, (১) ভিজিডি কার্যক্রম ঃ ২০২১-২০২২ ভিজিডি চক্রের ২০৬৩ জন উপকারভোগীর মাঝে ভিজিডির কার্যক্রম চলমান আছে। তিনি সভায় উপকারভোগীদের সঞ্চয় আদায়ের ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করেন এবং নির্বাচিত এনজিওর মাধ্যমে প্রশিক্ষণের জন্য সার্বিক সহযোগিতা কামনা করেন। (২) মাতৃত্বকালীন ভাতা ঃ দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচির আওতায় ভূঞাপুর উপজেলায় ৮৫২ জন ভাতাভোগীকে মাতৃত্বভাতা প্রদান করা হয়। ভাতার কার্যক্রম চলমান। উল্লেখ্য, বরাদ্দ সাপেক্ষে ভাতার অর্থ ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়। (৩) কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল ঃ কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির আওতায় ভূঞাপুর উপজেলায় ৪৫০ জন উপকারভোগীকে ভাতার টাকা ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়। উল্লেখ্য, বরাদ্দ সাপেক্ষে ভাতার অর্থ ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়। (৪) ২০২০-২০২১ অর্থবছরে ৪১ জন দুঃস্থ মহিলাদের মাঝে ৬,১৫,০০০/- (ছয় লক্ষ পনের হাজার) টাকা বিতরণ করা হয়। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম চলমান। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূঞাপুর |

চলমান পাতা-৪

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩(এঃ) | উপজেলা সমবায় কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, তার দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। এছাড়া তিনি সভায় তার দপ্তরের মে/২০২২ মাস পর্যন্ত সময়ের কার্যক্রম তুলে ধরেন। যা নিম্নরূপ : | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ভূঞাপুর |

| ক্রমিক নং | বিবরণ | বার্ষিক লক্ষ্যমাত্রা ২০২১-২২ | বিগত মাসে অর্জন | মে/২০২২ মাসে অর্জন | মোট অর্জন | লক্ষ্যমাত্রা অর্জনের শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | নিরীক্ষা | ১১১ | ১১১ | - | ১১১ | ১০০% | |
| ২। | নির্বাচন/এডহক | ১৭ | ১২ | - | ১২ | ৭১% | |
| ৩। | পরিদর্শন | ৩৬ | ৩০ | ০৩ | ৩৩ | ৯২% | |
| ৪। | ভ্রাম্যমান প্রশিক্ষণ | ০৪ | ০৪ | - | ০৪ | ১০০% | |
| ৫। | সমবায় ইনস্টিটিউটে প্রশিক্ষণার্থী প্রেরণ | ১০০% | - | - | - | ১০০% | |
| ৬। | ননটেক্স রেভিনিউ :<br>ক) অডিট ফি<br>খ) ভ্যাট<br>গ) সিডিএফ<br>ঘ) নিবন্ধন ফি | <br>২৮৬২০/-<br>৪২৯৮/-<br>১১১৫১/-<br>- | <br>২৮৬২০/-<br>৪২৯৮/-<br>১১১৫১/-<br>- | <br>-<br>-<br>-<br>- | <br>২৮৬২০/-<br>৪২৯৮/-<br>১১১৫১/-<br>৩০০/- | <br>১০০%<br>১০০%<br>১০০%<br>১০০% | |
| ৭। | সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায়, সমবায় অংশ ঃ প্রকল্প সমিতি নিবন্ধন | ২০ | ০৩ | - | ০৩ | ১৫% | |
| ৮। | গ্রামকর্মী নিয়োগ | ২০ | ০৩ | - | ০৩ | ১৫% | |
| ৯। | ২০২১-২২ অর্থবছরে ৩১৫ জন সমবায়ী/ গ্রামকর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) ৩য় পর্যায় এর প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। | | | | | | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩(ট) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, তার দপ্তরের বিভাগীয় দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া তিনি সভায় তার দপ্তরের বিভিন্ন কর্মকাণ্ডের এপ্রিল/২২ মাসের কার্যক্রমের বিভিন্ন তথ্য উপস্থাপন করেন। যা নিম্নরূপ: | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর |

| ক্রঃ নং | বিবরণ | আত্মকর্মসূচি | পরিবারভিত্তিক কর্মসূচি |
|---|---|---|---|
| ০১ | মোট বরাদ্দ | ২৫,৩৮,৮০০/- | ২০,০০,০০০/- |
| ০২ | মোট ঋণ তহবিল | ৫৮,৮০,৩৬৮/- | ২৩,৯৫,৭৪৫/- |
| ০৩ | ২০২১-২০২২ অর্থবছরের বিতরণ লক্ষ্যমাত্রা | ৪৪,৫০,০০০/- | ৪,৮০,০০০/- মোট ৪৯,৩০,০০০/- |
| ০৪ | ২০২১-২০২২ অর্থবছরের বিতরণ | ৩১,৯০,০০০/- | ৪,৮০,০০০/- |
| ০৫ | মোট বিতরণ | ৩,২৭,৪১,৩০০/- | ৬৫,১০,০০০/- |
| ০৬ | চলমান মাসে আদায়যোগ্য | ২,২০,০০০/- | ৪৫,১২০/- |
| ০৭ | চলমান মাসে আদায়কৃত | ২,০৫,০০০/- | ৪৫,১২০/- |
| ০৮ | ক্রমপুঞ্জিত আদায়যোগ্য | ২,৭১,৩৯,৬১৮/- | ৫৭,৯২,৪০০/- |
| ০৯ | ক্রমপুঞ্জিত আদায়কৃত | ২,৬৭,১৪,০৭০/- | ৫৬,৪২,২৪০/- |
| ১০ | আদায়ের হার | ৯৮.৩৭% | ৯৭.৪১% |
| ১১ | চলমান মাসে প্রশিক্ষণ | ৩০ জন | ০ |
| ১২ | মোট প্রশিক্ষণ | ৮০৯২ জন | ৪৬২ |
| ১৩ | মোট আত্মকর্মী | ৫৩৩৭ জন | ৪৬২ |
| ১৪ | মোট উপকারভোগীর সংখ্যা (প্রা- ৭৬ + অপ্রা- ৮৭৭) | ৯৫৫ জন | অপ্রা- ৩৫০ জন |
| ১৫ | মোট ঋণ খেলাপী | ৩,৭৮,৪৬৪/- | ১,৫১,১৬০/- |

চলমান পাতা-৫

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩(ঠ) | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অতিঃ দাঃ), ভূঞাপুর সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(ড) | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভূঞাপুর এর প্রতিনিধি সভায় জানান, তার দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভূঞাপুর |
| ৩(ঢ) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(ণ) | উপজেলা পরিসংখ্যান অফিসার (ভারপ্রাপ্ত), ভূঞাপুর সভায় জানান, আগামী ১৫-২১ জুন, ২০২২ দেশব্যাপী অনুষ্ঠিত হতে যাচ্ছে ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা এবং দেশের প্রথম ডিজিটাল জনশুমারি ও গৃহগণনা সারা বাংলাদেশে ৪ লাখ ট্যাব এর মাধ্যমে CAPI (Computer Assisted Personal Interviews) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। প্রত্যেকটি ট্যাব এ GPRS ট্যাকিং থাকবে যার মাধ্যমে কে কোথায় থেকে তথ্য নিচ্ছে তা সম্পূর্ণভাবে মনিটরিং করার সুযোগ রয়েছে। এজন্য কোনভাবে আর ঘরে বসে তথ্য নেয়ার সুযোগ নেই। তিনি বলেন ভূঞাপুর উপজেলাকে ৬টি জোনে ভাগ করে ৬ জন জোনাল অফিসারের মাধ্যমে এ শুমারি পরিচালনা করা হবে। ভূঞাপুর উপজেলায় মোট ৫০১ জন গণনাকারী/তথ্যসংগ্রহকারী এবং ৮০ জন সুপারভাইজার কাজ করবে। ইতিমধ্যে নিয়োগ কমিটির মাধ্যমে নিয়োগ প্রদান করা হয়েছে। ডিজিটাল শুমারি সঠিকভাবে পরিচালনার জন্য ৬টি জোনে ৬ জন আইটি সুপারভাইজার নিয়োগ প্রদান করা হয়েছে। পাশাপাশি বিভিন্ন উপজেলার সহকারী প্রোগ্রামার, ব্যানবেইসকে সংযুক্ত করা হয়েছে। ট্যাব এর টেকনিক্যাল সমস্যাগুলো দেখার জন্য ওয়ালটন সার্বক্ষণিকভাবে মাঠে থাকবে। এছাড়া বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো- টাঙ্গাইল, মানিকগঞ্জ, গাজীপুর এর জন্য একজন ৪র্থ গ্রেডের অফিসারকে প্রধান করে বিশেষ দক্ষতা সম্পূর্ণ আইটি টিম গঠন করা হয়েছে। যারা সার্বক্ষণিকভাবে গণনাকারী ও সুপারভাইজারদেরকে মনিটরিং ও সহযোগিতা করবেন। তিনি সভায় জনপ্রতিনিধি ও শুমারি কমিটির সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে সকলকে তার জায়গা থেকে তথ্য প্রদান, অন্যকে তথ্য দিতে উদ্বুদ্ধকরণ এবং কেউ যাতে গণনা থেকে বাদ না পড়ে সেদিকে বিশেষ দৃষ্টি রাখার অনুরোধ করেন। তিনি বলেন সঠিক তথ্য না পাওয়া গেলে সরকারের পক্ষে সঠিক পরিকল্পনা গ্রহণ করা সম্ভব হবে না। তিনি আরও বলেন, জনশুমারি ও গৃহগণনা-২০২২ এ যদি কেউ তথ্য দিতে না চায় তাহলে সংশ্লিষ্ট ব্যক্তিকে আইনের আওতায় আনার সুযোগ রয়েছে। এক্ষেত্রে পরিসংখ্যান আইন ২০১৩ অনুযায়ী ১০,০০০ টাকা জরিমানা অথবা ৬ মাসের কারাদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত করার বিধান রয়েছে। পরিশেষে তিনি সকলকে শুমারি কাজে সার্বিক সহযোগিতা করার অনুরোধ জানান। | আলোচনান্তে আগামী ১৫-২১ জুন, ২০২২ অনুষ্ঠিতব্য ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য জনপ্রতিনিধিসহ সকলকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূঞাপুর<br>২। সংশ্লিষ্ট সকল |
| ৩(ত) | ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূঞাপুর সভায় জানান, তার দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়ন বিষয়ক কোন প্রশিক্ষণ চলমান নেই। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূঞাপুর |

চলমান পাতা-৬

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩(থ) | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, ভূঞাপুর সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(দ) | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, ভূঞাপুর এর প্রতিনিধি সভায় জানান, বিদ্যুৎ বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, ভূঞাপুর |
| ৩(ধ) | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ভূঞাপুর সভায় জানান, এ প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে গ্রামীণ ও সুবিধাবঞ্চিত মহিলাদের তথ্য প্রযুক্তিতে প্রবেশাধিকার এবং তথ্য প্রযুক্তিভিত্তিক সেবা প্রদানের মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন। তথ্য আপা প্রকল্পে নিয়োজিত কর্মীরা তথ্য কেন্দ্র ও ডোর টু ডোর গ্রামীণ মহিলাদের তথ্য প্রযুক্তিভিত্তিক সেবা প্রদান করে যাচ্ছে। তথ্য কেন্দ্রের পাশাপাশি বাড়ী বাড়ী গিয়ে মহিলাদের বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্যসেবা যেমন- রক্তচাপ, ডায়াবেটিকস ও ওজন পরিমাপ করে দেওয়া হচ্ছে। এ প্রকল্পের আরও একটি উদ্দেশ্য হচ্ছে গ্রামীণ মহিলাদের ই-কমার্স সহায়তা প্রদান। সেই লক্ষ্যে তথ্য আপা প্রকল্পের পক্ষ থেকে লাল.সবুজ.কম নামে একটি অনলাইন প্লাটফর্ম তৈরি করা হয়েছে। ভূঞাপুর উপজেলাধীন নারী উদ্যোক্তা যারা অনলাইনে তাদের পণ্য বিক্রয় করতে আগ্রহী তাদেরকে তথ্য আপার সাথে যোগাযোগ করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। এছাড়া তিনি জানান বিভিন্ন ইউনিয়নে মাসে ০৪টি সামাজিক সচেতনতামূলক উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত আছে। তিনি উক্ত উঠান বৈঠক কার্যক্রমে ইউপি চেয়ারম্যানদের উপস্থিতি ও সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া তিনি জানান তার দপ্তরের অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ভূঞাপুর |
| ০৪। | ৪নং আলোচ্যসূচি ঃ বিবিধ | | |
| ৪(১) | চেয়ারম্যান, অর্জুনা ইউপি, ভূঞাপুর সভায় জানান, তার ইউনিয়নে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির কাজ যথারীতি চলছে। বর্তমানে ধান কাটার মৌসুম থাকায় লেবারের কিছুটা সংকট রয়েছে এবং অনেক লেবার তাদের পূর্বের মজুরি না পাওয়ায় কাজ করতে চায় না। এতে করে প্রকল্পের কাজ কিছুটা বিলম্ব হচ্ছে। তবে ধান কাটা শেষ হলেই সকল লেবার দিয়ে দ্রুত প্রকল্পের কাজ শেষ করার আশাবাদ ব্যক্ত করেন। তিনি সভায় আরও জানান, অর্জুনা মহসিন উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা খেলাধুলায় জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করে থাকে। অথচ উক্ত বিদ্যালয়ের খেলার মাঠটি বর্তমানে খেলাধুলার অনুপযোগী হয়ে পড়েছে। তাই তিনি দ্রুত মাঠটি সংস্কার করার প্রস্তাব করেন। এছাড়া তিনি ফকির মাইন উচ্চ বিদ্যালয়ের টিনের ঘরের মেঝে পাকাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | - | - |
| ৪(২) | চেয়ারম্যান, গাবসারা ইউপি, ভূঞাপুর সভায় জানান, তার ইউনিয়নে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির কাজসহ অন্যান্য উন্নয়নমূলক কাজ যথারীতি চলছে। বর্তমানে ধান কাটার মৌসুম থাকায় লেবাররা ধান কাটায় ব্যস্ত হয়ে পড়েছে। ফলে প্রকল্পের কাজ কিছুটা বিলম্ব হচ্ছে। তবে ধান কাটা শেষ হলেই সকল লেবার দিয়ে দ্রুত প্রকল্পের কাজ শেষ করা হবে। তিনি সভায় তার ইউনিয়নের ছাত্র-ছাত্রীদের খেলাপড়ার সুন্দর পরিবেশ সৃষ্টির জন্য চর গাবসারা দাখিল মাদরাসায় একটি টিনের ঘর নির্মাণের প্রস্তাব করেন। পাশাপাশি ভদ্রশিমুল উচ্চ বিদ্যালয়ের ঘর মেরামতসহ প্রাথমিক বিদ্যালয়সমূহের খেলার মাঠে মাটিভরাট করার প্রস্তাব করেন। এছাড়া তিনি জানান ইতিমধ্যে তার ইউনিয়নে বন্যা ও নদীভাঙন শুরু হয়েছে। তাই তিনি তার ইউনিয়ন পরিদর্শন করে যেখানে যে উন্নয়ন করা প্রয়োজন সেগুলো যথাসময়ে বাস্তবায়ন করার অনুরোধ জানান। | - | - |

চলমান পাতা-৭

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪(৩) | চেয়ারম্যান, ফলদা ইউপি, ভূঞাপুর সভায় জানান, তার ইউনিয়নে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির কাজ যথারীতি চলছে। তবে শ্রমিকদের বিল বকেয়া থাকায় শ্রমিকরা নিয়মিত কাজ করতে চায় না। এছাড়া ধান কাটা শুরু হওয়ায় শ্রমিকের সংকট রয়েছে। ধান কাটা শেষ হলেই পূর্ণ শ্রমিক নিয়ে প্রকল্পের কাজ শেষ করা হবে। তিনি সভায় উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করে তার ইউনিয়নের কৃষকরা যাতে পর্যাপ্ত কৃষি প্রণোদনা পায় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়া তিনি বিভাগীয় কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করে স্ব স্ব বিভাগের প্রশিক্ষণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সম্পর্কে জনপ্রতিনিধিদের অবহিত করার অনুরোধ জানান। | - | - |
| ৪(৪) | চেয়ারম্যান, গোবিন্দাসী ইউপি, ভূঞাপুর সভায় জানান, তার ইউনিয়নে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির ১ম পর্যায়ের কাজ শুষ্ক মৌসুমে হলেও ২য় পর্যায়ের কাজ বর্ষা মৌসুমে হওয়ায় শতভাগ শ্রমিক কাজ করতে পারছে না। এছাড়া ধান কাটা শুরু হওয়ায় শ্রমিকের সংকট রয়েছে। তাই আবহাওয়া ভালো থাকলে এবং ধান কাটা শেষ হলে তিনি পূর্ণ শ্রমিক দিয়ে প্রকল্পের কাজ শেষ করার প্রত্যয় ব্যক্ত করেন। তিনি সভায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করে আসন্ন ঈদুল আযহা উপলক্ষে গবাদি পশুর খোড়ারোগসহ অন্যান্য রোগ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়া তিনি জানান তার ইউনিয়নের বন্যা নিয়ন্ত্রণ বাঁধ সংলগ্ন এলাকায় ভাঙন শুরু হয়েছে। তাই শুরুতেই ভাঙন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | - | - |
| ৪(৫) | চেয়ারম্যান, অলোয়া ইউপি, ভূঞাপুর সভায় জানান, তার ইউনিয়নে গৃহীত অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির তিনি প্রতিনিয়ত মনিটরিং করছেন এবং যে সকল শ্রমিক নিয়মিত কাজে আসে না তাদের সাথে যোগাযোগ করে কাজে আনার চেষ্টা করা হচ্ছে। তিনি নির্ধারিত সময়ের মধ্যেই পূর্ণ শ্রমিক দিয়ে প্রকল্পের কাজ শেষ করার আশাবাদ ব্যক্ত করেন। তিনি সভায় আরও জানান, বর্ষা মৌসুমে তার ইউনিয়নে শালদাইর হয়ে পানি ঢোকে এবং নিচু এলাকা হওয়ায় কয়েক মাস পানি থাকে। ফলে বর্ষা মৌসুমে কৃষকরা কোন ফসল উৎপাদান করতে পারে না। তাই তিনি তার ইউনিয়নের খালগুলোর খনন কাজ দ্রুত শেষ করার অনুরোধ জানান। যাতে কৃষকরা তাদের ফসলের জমি সঠিকভাবে ব্যবহার করে বছরে ২টি ফসল উৎপাদন করতে পারে। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তিনি সভায় তার ইউনিয়নে খরক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ সম্প্রসারণ এবং বিদ্যালয় সংশ্লিষ্ট রাস্তা মেরামত করার প্রস্তাব করেন। এছাড়া সরকারি বিভিন্ন দপ্তরে প্রশিক্ষণসহ সরকার যে সকল কার্যক্রম গ্রহণ করে সে বিষয়ে জনপ্রতিনিধিদের অবহিত করার অনুরোধ জানান। | - | - |
| ৪(৬) | চেয়ারম্যান, নিকরাইল ইউপি, ভূঞাপুর সভায় জানান, তার ইউনিয়নে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির কাজ যথারীতি চলছে। নির্ধারিত সময়ের মধ্যেই প্রকল্পের কাজ শেষ করার আশাবাদ ব্যক্ত করেন। তিনি জানান বর্ষার সময় তার ইউনিয়নের বন্যাকবলিত লোকজনের যাতায়াতের জন্য বিভিন্ন স্থানে বাঁশের সাঁকো ও ছোট ছোট নৌকার প্রয়োজনীয়তা দেখা দেয়। তাই তিনি বর্ষার সময় তার ইউনিয়নের লোকজনের যাতায়াতের সুবিধার্থে বাঁশের সাঁকো ও নৌকার প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন। তিনি সভায় কমিউনিটি ক্লিনিক থেকে তার ইউনিয়নের জনগণ যাতে সঠিক সেবা পায় এবং আরও যাতে কমিউনিটি ক্লিনিক নির্মাণ করা যায় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়া তিনি জানান জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অনূর্ধ্ব-১৭ বালক জাতীয় ফুটবল টুর্ণামেন্টে তার ইউনিয়ন উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হয়ে জেলা পর্যায়ে অংশগ্রহণ করে। উক্ত খেলা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করায় তিনি উপজেলা চেয়ারম্যান, মেয়র ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। | - | - |

চলমান পাতা-৮

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪(৭) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ভূঞাপুর সভায় জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্পের কাজ যথারীতি চলছে। এছাড়া তিনি সভায় উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করে তার বিভাগের প্রশিক্ষণ কার্যক্রম দ্রুত সমাপ্ত করার অনুরোধ জানান। | - | - |
| ৪(৮) | জনাব আলিফনুর, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর সভায় জানান, বর্ষা মৌসুমে বন্যা নিয়ন্ত্রণ বাঁধের বিভিন্ন অংশ ভেঙ্গে বন্যার পানি ঢুকে বিভিন্ন এলাকা প্লাবিত হয়। তাই তিনি বর্ষা মৌসুমের পূর্বেই গোবিন্দাসী বন্যা নিয়ন্ত্রণ বাঁধ রক্ষার্থে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়া তিনি সভায় ভূঞাপুর-গোবিন্দাসী রাস্তার বাগবাড়ী ব্রীজ হতে বাগবাড়ী কবরস্থান পর্যন্ত রাস্তাটি জরুরীভিত্তিতে সংস্কার করার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | - | - |
| ৪(৯) | জনাব মোঃ মনিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর সভায় উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করে তার অফিস থেকে বিনামূল্যে বিভিন্ন সবজির বীজ কৃষকদের মাঝে সরবরাহ করার অনুরোধ জানান। যাতে করে প্রত্যেকে তাদের নিজ বাড়িতে একটি সবজি বাগান করে নিজেদের চাহিদা পূরণ করতে পারে এবং এ উদ্যোগ গ্রহণের মাধ্যমে অত্র উপজেলাকে একটি মডেল কৃষি উপজেলায় পরিণত করার প্রত্যয় ব্যক্ত করেন। পাশাপাশি কৃষকদের মাঝে বিনামূল্যে সবজি বীজ সরবরাহ করার জন্য উপজেলা পরিষদ থেকে একটি প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন। এছাড়া তিনি সভায় আরও জানান, ভূঞাপুর বিদ্যুৎ বিভাগের নির্বাহী প্রকৌশলী মহোদয়কে উপজেলা পরিষদের মাসিক সভায় আমন্ত্রণ জানানো হলেও তিনি প্রত্যেক সভায় উপস্থিত না হয়ে তার প্রতিনিধি প্রেরণ করেন। এতে করে বিদ্যুৎ বিভাগের কার্যক্রম সম্পর্কে সঠিক তথ্য পাওয়া যায় না এবং অত্র এলাকার জনগণও তাদের কাঙ্ক্ষিত সেবা থেকে বঞ্চিত হচ্ছে। তাই জনগণের কাঙ্ক্ষিত বিদ্যুৎ বিভাগ প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান এবং নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, ভূঞাপুর এর স্বেচ্ছাচারিতার বিষয়ে জেলা প্রশাসক মহোদয়কে অবহিত করার অনুরোধ জানান। পরিশেষে তিনি সকল বিভাগীয় কর্মকর্তাদের স্ব স্ব অবস্থান থেকে আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের অনুরোধ জানান। | - | - |
| ৪(১০) | মেয়র, ভূঞাপুর পৌরসভা, ভূঞাপুর সভায় জানান, বর্জ্য অপসারণের জন্য নির্ধারিত স্থান না থাকায় অত্র উপজেলার সঠিক বর্জ্য ব্যবস্থাপনায় সমস্যা সৃষ্টি হচ্ছে। তিনি জানান বর্জ্য অপসারণের স্থান নির্ধারণের জন্য ইতিমধ্যে পৌর প্রকৌশলীকে নির্দেশ প্রদান করা হয়েছে। এছাড়া তিনি সভায় বর্জ্য অপসারণের স্থান নির্ধারণের জন্য উপস্থিত সকলের মতামত আহ্বান করেন। তিনি সভায় আরও জানান, অত্র উপজেলার শিক্ষার মান ও পরিবেশ অনেক ভালো হওয়ায় দুর-দুরান্ত থেকে ছাত্র-ছাত্রীরা এখানে পড়তে আসে। আর এ উপজেলার শিক্ষার মান উন্নয়নে প্রিন্সিপাল ইব্‌রাহীম খাঁর অবদান অপরিসীম। তিনি সভায় প্রিন্সিপাল ইব্‌রাহীম খাঁ'র বিভিন্ন অবদানের কথা তুলে ধরে তাঁর আত্মার মাগফিরাত কামনা করেন। তিনি সভায় জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করে ভূঞাপুরের মানুষের কল্যাণে সকলে মিলেমিশে আন্তরিকতার সাথে সম্মিলিতভাবে একটি টিম হিসেবে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন। পরিশেষে তিনি সকলের সুস্বাস্থ্য কামনা করে তার পৌরসভার পৌরকর পরিশোধ করার জন্য উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | - | - |

চলমান পাতা-৯

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪(১১) | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর সভায় ইউপি চেয়ারম্যানবৃন্দের দৃষ্টি আকর্ষণ করে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহ নির্ধারিত শ্রমিকদের মাধ্যমে যথাসময়ে বাস্তবায়ন করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান এবং উক্ত প্রকল্পসমূহ পরিদর্শন করে নিয়মিত প্রতিবেদন দেয়ার জন্য ট্যাগ অফিসারদের অনুরোধ জানান। তিনি আরও বলেন যেহেতু এ কর্মসূচির আওতায় চেয়ারম্যানবৃন্দ তাদের স্ব স্ব ইউনিয়নের গ্রামীণ রাস্তাগুলো সংস্কার করার সুযোগ পান সেহেতু তিনি এসব প্রকল্পে নিয়োজিত শ্রমিকদের সঠিকভাবে কাজে লাগিয়ে গ্রামীণ রাস্তাগুলো সংস্কার করার পরামর্শ দেন। তিনি সভায় উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে বার্ষিক উন্নয়ন কর্মসূচির কাজ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার অনুরোধ জানান। এছাড়া তিনি সভায় আরও জানান, উপজেলা পরিষদের গত অক্টোবর/২০২১ মাসের মাসিক সাধারণ সভায় ১৪২৬ বাংলা সনের হাটবাজার খাতের ১০% অর্থে গাবসারা ইউনিয়নের চর গাবসারা হাটে প্লাটার হাউজ নির্মাণ প্রকল্প এবং ১৪২৭ বাংলা সনের হাটবাজার খাতের ১০% অর্থে নিকরাইল হাটে ঈদগাহ মাঠের উত্তর পার্শ্বের পাকা রাস্তা হতে কলেজ মসজিদ পর্যন্ত রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। কিন্তু উক্ত প্রকল্প ২টি বাস্তবায়নের ক্ষেত্রে নানা জটিলতা দেখা দেয়ায় তিনি সভায় প্রকল্পটি ২টি বাতিলের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে উপজেলা পরিষদের গত অক্টোবর/২০২১ মাসের মাসিক সাধারণ সভায় ১৪২৬ বাংলা সনের হাটবাজার খাতের ১০% অর্থে গৃহীত চর গাবসারা হাটে প্লাটার হাউজ নির্মাণ প্রকল্প এবং ১৪২৭ বাংলা সনের হাটবাজার খাতের ১০% অর্থে গৃহীত নিকরাইল হাটে ঈদগাহ মাঠের উত্তর পার্শ্বের পাকা রাস্তা হতে কলেজ মসজিদ পর্যন্ত রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন প্রকল্প ২টি সর্বসম্মতিক্রমে বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর<br>২। উপজেলা প্রকৌশলী, ভূঞাপুর |
| ৪(১২) | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর সভায় আরও জানান, উপজেলা হাটবাজার ব্যবস্থাপনা কমিটির গত ১৯-০৫-২০২২ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক হাটবাজারের নিম্নে উল্লেখিত উন্নয়নমূলক প্রকল্পসমূহ ১৪২৬, ১৪২৭ এবং ১৪২৮ বাংলা সনের হাট বাজার খাতের ১০% ও ১৫% অর্থ দ্বারা বাস্তবায়নের নিমিত্ত সভায় অনুমোদনের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। হাটবাজারের প্রকল্পসমূহ নিম্নরূপ ঃ | আলোচনান্তে হাট-বাজারের প্রস্তাবিত প্রকল্পসমূহ ১৪২৬, ১৪২৭ এবং ১৪২৮ বাংলা সনের হাট বাজার খাতের ১০% ও ১৫% অর্থ দ্বারা জরুরীভিত্তিতে বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পসমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন দেয়া হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর<br>২। উপজেলা প্রকৌশলী, ভূঞাপুর |

**১৪২৬ বাংলা সনের হাটবাজার খাতের ১৫% অর্থে বাস্তবায়নের জন্য প্রকল্প তালিকা**

| ইউনিয়ন | প্রকল্পের নাম | বাস্তবায়নের পদ্ধতি | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| অর্জুনা | গোবিন্দপুর হাটে গরু ছাগল বিক্রির টোল/ হাসিল আদায়ের জন্য ০২(দুই) টি মেঝে পাকা টিনের ঘর নির্মাণ। | পিআইসি | ৯৯,৮০০/- |
| নিকরাইল | নিকরাইল হাটের মাছ বাজার অংশে মাটি ভরাট। | পিআইসি | ১,০৯,৫০০/- |
| গোবিন্দাসী | গোবিন্দাসী কাঁচা বাজার হাটের শেড ও ড্রেন মেরামত। | পিআইসি | ২,০০,০০০/- |
| | | মোট = | ৪,০৯,৩০০/- |

চলমান পাতা-১০

**১৪২৬ বাংলা সনের হাটবাজার খাতের ১০% অর্থে বাস্তবায়নের জন্য প্রকল্প তালিকা**

| ইউনিয়ন | প্রকল্পের নাম | বাস্তবায়নের পদ্ধতি | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| নিকরাইল | মাটিকাটা হাটে মাটিভরাট। | কোটেশন | ২,৯৫,০০০/- |
| | | মোট = | ২,৯৫,০০০/- |

**১৪২৭ বাংলা সনের হাটবাজার খাতের ১৫% অর্থে বাস্তবায়নের জন্য প্রকল্প তালিকা**

| ইউনিয়ন | প্রকল্পের নাম | বাস্তবায়নের পদ্ধতি | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| নিকরাইল | নিকরাইল হাটে শেড মেরামত। | পিআইসি | ১,০৬,০০০/- |
| অর্জুনা | গোবিন্দপুর হাটের দক্ষিণ পার্শ্বে মাটিভরাট। | পিআইসি | ৭০,০০০/- |
| গোবিন্দাসী | গোবিন্দাসী গো হাটের পূর্ব পার্শ্বে গেইট এবং কাঁটা তারসহ সীমানা প্রাচীর নির্মাণ। | কোটেশন | ৮,৫০,০০০/- |
| গোবিন্দাসী | গোবিন্দাসী গো হাটের অফিস ভবন সংলগ্ন দক্ষিণ পার্শ্বে কাঁটা তারসহ পাকা সীমানা প্রাচীর নির্মাণ এবং পশ্চিম পার্শ্বের প্যালাসাইডিং ও কাঁটা তারের সীমানা প্রাচীর মেরামত। | কোটেশন | ৩,৪৯,০০০/- |
| | | মোট = | ১৩,৭৫,০০০/- |

**১৪২৭ বাংলা সনের হাটবাজার খাতের ১০% অর্থে বাস্তবায়নের জন্য প্রকল্প তালিকা**

| ইউনিয়ন | প্রকল্পের নাম | বাস্তবায়নের পদ্ধতি | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| গোবিন্দাসী | গোবিন্দাসী গো হাটে মাটি ভরাট। | কোটেশন | ৫,৩৫,০০০/- |
| | | মোট = | ৫,৩৫,০০০/- |

**১৪২৮ বাংলা সনের হাটবাজার খাতের ১৫% অর্থে বাস্তবায়নের জন্য প্রকল্প তালিকা**

| ইউনিয়ন | প্রকল্পের নাম | বাস্তবায়নের পদ্ধতি | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| অর্জুনা | গোবিন্দপুর হাটের কাঁচা বাজার ও মাছ বাজার অংশে মাটিভরাট। | পিআইসি | ৯৯,০০০/- |
| নিকরাইল | নিকরাইল হাটের পশ্চিম পার্শ্বে (বটতলা) মাটিভরাট। | পিআইসি | ১,৪২,০০০/- |
| গোবিন্দাসী | গোবিন্দাসী গো হাটের শেড, অফিস ভবন এবং প্রধান গেইট মেরামত ও রংকরণ। | কোটেশন | ৭,২৩,০০০/- |
| | | মোট = | ৯,৪৬,০০০/- |

**১৪২৮ বাংলা সনের হাটবাজার খাতের ১০% অর্থে বাস্তবায়নের জন্য প্রকল্প তালিকা**

| ইউনিয়ন | প্রকল্পের নাম | বাস্তবায়নের পদ্ধতি | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| নিকরাইল | নিকরাইল হাটে ড্রেন নির্মাণ। | কোটেশন | ৬,৮০,০০০/- |
| | | মোট = | ৬,৮০,০০০/- |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪(১২) | সভাপতি সভায় দীর্ঘক্ষণ উপস্থিত থেকে গুরুত্বপূর্ণ বিষয়ে প্রাণবন্ত আলোচনা করায় সকলকে ধন্যবাদ জানান। তিনি সভায় উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজ দ্রুত বাস্তবায়ন করার অনুরোধ জানান। পাশাপাশি তিনি উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করে টিআর, কাবিখার উন্নয়নমূলক কাজ দ্রুত বাস্তবায়ন করার অনুরোধ জানান। পরিশেষে তিনি জনপ্রতিনিধিসহ সকলকে সাথে নিয়ে মিলেমিশে একসাথে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন এবং এতে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া তিনি সভায় জানান, উপজেলা চেয়ারম্যান কোয়াটারের আইপিএস ও আইপিএস এর ব্যাটারি নষ্ট হয়ে পড়ায় তা জরুরীভিত্তিতে পরিবর্তন করে নতুন একটি আইপিএস মেশিন এবং আইপিএসের ২টি নতুন ব্যাটারি ক্রয় করা হয়েছে। উক্ত কাজে ব্যয়িত ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপজেলা চেয়ারম্যান কোয়াটারে একটি নতুন আইপিএস মেশিন এবং আইপিএসের ২টি নতুন ব্যাটারি ক্রয় বাবদ ব্যয়িত ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর |

চলমান পাতা-১১

অতঃপর সভায় দীর্ঘক্ষণ প্রাণবন্ত আলোচনা হওয়ায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/০৫/২০২২

(মোছাঃ নার্গিস বেগম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ভূঞাপুর
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
ভূঞাপুর, টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৩০.৯৩১৯.০০০.০৫৫১.২০১৩-৪৪৩(৪০)

তারিখ ঃ ২৬/০৫/২০২২ খ্রিঃ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-</u>

১. মাননীয় সংসদ সদস্য-১৩১, টাঙ্গাইল-২।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর, টাঙ্গাইল।
৫. মেয়র, ভূঞাপুর পৌরসভা, ভূঞাপুর, টাঙ্গাইল।
৬. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর, টাঙ্গাইল।
৭. উপজেলা ------------------------------------ কর্মকর্তা, ভূঞাপুর, টাঙ্গাইল।
৮. চেয়ারম্যান, -------------------------- ইউপি (সকল), ভূঞাপুর, টাঙ্গাইল।
৯. জনাব --------------------------------------------, ভূঞাপুর, টাঙ্গাইল।
১০. অফিস নথি।

২৬/০৫/২২

(মোছাঃ ইশরাত জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
ভূঞাপুর, টাঙ্গাইল।

পরিশিষ্ট-"ক"

২৪-০৫-২০২২ খ্রি. তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত ভূঞাপুর উপজেলা পরিষদের মাসিক সভায়
উপস্থিত ও অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাদের তালিকা ঃ

উপস্থিত সদস্য/ কর্মকর্তাবৃন্দ/ আমন্ত্রিত সদস্য/ অতিথি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | নাম ও পদবী |
|---|---|
| ১। | জনাব মোঃ মাসুদুল হক মাসুদ, মেয়র, ভূঞাপুর পৌরসভা, ভূঞাপুর। |
| ২। | জনাব মোঃ মনিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর। |
| ৩। | জনাব আলিফনুর, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর। |
| ৪। | জনাব মোঃ দিদারুল আলম খান (মাহবুব), চেয়ারম্যান, অর্জুনা ইউপি, ভূঞাপুর। |
| ৫। | জনাব মোঃ শাহ আলম শাপলা, চেয়ারম্যান, গাবসারা ইউপি, ভূঞাপুর। |
| ৬। | জনাব মোঃ সাইদুল ইসলাম তালুকদার, চেয়ারম্যান, ফলদা ইউপি, ভূঞাপুর। |
| ৭। | জনাব মোঃ দুলাল হোসেন চকদার, চেয়ারম্যান, গোবিন্দাসী ইউপি, ভূঞাপুর। |
| ৮। | জনাব মোঃ রফিকুল ইসলাম রফিক, চেয়ারম্যান, অলোয়া ইউপি, ভূঞাপুর। |
| ৯। | জনাব মোঃ মাসুদুল হক মাসুদ, চেয়ারম্যান, নিকরাইল ইউপি, ভূঞাপুর। |
| | কর্মকর্তাবৃন্দ |
| ১। | জনাব মোছাঃ ইশরাত জাহান, উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর। |
| ২। | জনাব মোঃ হুমায়ুন কবীর, উপজেলা কৃষি অফিসার, ভূঞাপুর। |
| ৩। | জনাব এটিএম সামসুজ্জামান, উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৪। | ডাঃ স্বপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৫। | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, ভূঞাপুর (আমন্ত্রিত) এর প্রতিনিধি। |
| ৬। | জনাব মোঃ শফিকুল ইসলাম মন্ডল, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ভূঞাপুর। |
| ৭। | জনাব এমজি মাহমুদ ইজদানী, উপজেলা শিক্ষা অফিসার, ভূঞাপুর। |
| ৮। | জনাব মোঃ শাহীনুর ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৯। | জনাব মোহাম্মদ শহিদুজ্জামান মাহমুদ, উপজেলা সমাজসেবা অফিসার, ভূঞাপুর। |
| ১০। | জনাব মোঃ সাইফুর রহমান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১১। | জনাব মোঃ আব্দুর রাজ্জাক, উপজেলা সমবায় কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১২। | জনাব আমিনা বেগম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১৩। | জনাব মোঃ জাহিদুল ইসলাম, উপজেলা পরিসংখ্যান অফিসার (ভারপ্রাপ্ত), ভূঞাপুর। |
| ১৪। | জনাব রাজিয়া সুলতানা, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূঞাপুর। |
| ১৫। | জনাব আব্দুল্লাহ আল মামুন, সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভূঞাপুর এর প্রতিনিধি। |
| ১৬। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ভূঞাপুর, টাঙ্গাইল। |
| ১৭। | জনাব জলি রানী দাস, তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ভূঞাপুর, টাঙ্গাইল। |

অনুপস্থিত সদস্য

| | |
|---|---|
| ১। | অফিসার ইনচার্জ, ভূঞাপুর থানা, টাঙ্গাইল। |
| ২। | ডাঃ মহী উদ্দিন আহমেদ, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৩। | জনাব রুপ জিন্নাত রিয়া, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অতিঃ দাঃ), ভূঞাপুর। |
| ৪। | জনাব মোঃ জহুরুল ইসলাম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৫। | জনাব মোঃ মোজাম্মেল হক, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৬। | জনাব মোঃ মোফাজ্জল হোসেন, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৭। | জনাব মোছাঃ মঞ্জুয়ারা বেগম, সংরক্ষিত আসনের মহিলা সদস্য-১, উপজেলা পরিষদ, ভূঞাপুর। |
| ৮। | জনাব মোছাঃ রেখা চৌধুরী, সংরক্ষিত আসনের মহিলা সদস্য-২, উপজেলা পরিষদ, ভূঞাপুর। |
| ৯। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ভূঞাপুর। |